



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.৩৬৭৭.০৩৫.৪৬.০২৭.১৭-৭৩৯

তারিখঃ ২৬ জুন ২০১৮

বিষয়ঃ ইউনিয়ন পরিষদ নির্বাচনে বিজ্ঞ নির্বাচনী আপিল ট্রাইব্যুনাল ও নির্বাচনী ট্রাইব্যুনালের রায় অনুযায়ী বিজয়ী প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে ২১ জুন ২০১৮ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এবং ২৬ জুন ২০১৮ তারিখে প্রাপ্ত হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার দেবপাড়া ইউনিয়ন পরিষদের ০৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদে বিজ্ঞ নির্বাচনী আপিল ট্রাইব্যুনাল ও নির্বাচনী ট্রাইব্যুনালের রায় অনুযায়ী গেজেট বিজ্ঞপ্তির ২০(বিশ) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসংগে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক

(মোঃ মিজানুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৫৫০০৭৫৬৫

mizanr63@yahoo.com

✓ জেলা প্রশাসক
হবিগঞ্জ

নং-১৭.০০.৩৬৭৭.০৩৫.৪৬.০২৭.১৭-৭৩৯

তারিখঃ ২৬ জুন ২০১৮

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট (২ কপি)
- ৪। জেলা নির্বাচন অফিসার, হবিগঞ্জ (৫ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (২ কপি)
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ (২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ (২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)

(মোঃ মিজানুর রহমান)

সিনিয়র সহকারী সচিব

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২১, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

সংশোধনী বিজ্ঞপ্তি

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৫/১৮ জুন ২০১৮

নং ১৭.০০.৩৬৭৭.০৩৫.৪৬.০২৭.১৭-৭৩১—বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল ও যুগ্ম জেলা জজ, ১ম আদালত, হবিগঞ্জ ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, হবিগঞ্জ কর্তৃক নির্বাচনি আপিল নং-০১/২০১৭ এর বিগত ২২ এপ্রিল ২০১৮ তারিখের আদেশে সিনিয়র সহকারী জজ, সদর আদালত ও নির্বাচনি ট্রাইব্যুনাল, হবিগঞ্জ কর্তৃক নির্বাচনি মোকদ্দমা নং-০৩/২০১৬ এর বিগত ১৬ মে ২০১৭ তারিখের তর্কিত আদেশ বহাল ও বলবৎ রাখায় হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলার ১০নং দেবপাড়া ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ৯নং সংরক্ষিত আসনের সদস্য অর্থাৎ ০৩নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য পদের নির্বাচনি ফলাফল বাতিল ঘোষণা করে উক্ত পদে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী মায়ারুন আক্তার-কে নির্বাচিত প্রার্থী হিসেবে বিজয়ী ঘোষণা করায় উক্ত রায় অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত জুন ১৯, ২০১৬ তারিখে প্রকাশিত ১০৩৮৫নং পৃষ্ঠার ১নং কলামে বর্ণিত 'দেবপাড়া' এর বিপরীতে ২নং কলামে বর্ণিত 'মোছাঃ হোছনা বেগম, স্বামী-ছুলু মিয়া, গ্রাম-দেবপাড়া দক্ষিণ' এর পরিবর্তে 'মায়ারুন আক্তার, স্বামী-জহুর আলী, গ্রাম-দেবপাড়া দক্ষিণ' শব্দ ও চিহ্নসমূহ প্রতিস্থাপন করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ফরহাদ আহাম্মদ খান

যুগ্ম-সচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৫২৯)

মূল্য : টাকা ৪.০০